


ধূমপান ছাড়তে ঈশ্বরের কাছে শাহুরথের প্রতিজ্ঞা

অনলাইন ডেক্স|আপডেট: ১৪:৪১, ফেব্রুয়ারি ২৫, ২০১৫

oLike ৯



ধূমপানে মাত্রাতিরিক্ত আসক্তির জন্য কুখ্যাতি আছে

'বলিউড বাদশাহ' শাহরুখ খানের। অনেক দিন থেকেই মারাওক এই বদভ্যাস ছাড়ার জন্য জোর চেষ্টা চালিয়ে যাচ্ছেন তিনি।

কিন্তু কাজের কাজ কিছুই হচ্ছে না। তবে খুব শিগগির ধূমপান ছেড়ে দেবেন বলে ভক্তদের আশ্রম করেছেন খান সাহেব। ধূমপান ছেড়ে দেওয়ার জন্য ঈশ্বরের কাছে প্রতিজ্ঞা করেছেন বলেও জানিয়েছেন তিনি।

সম্প্রতি টুইটারে নিজের ছবি প্রকাশ করে এর ক্যাপশনে শাহরুখ লেখেন, 'যারা ধূমপান করে, তাদের সঙ্গে আমরা কথা বলি না।'

টুইটার বার্তায় তিনি আরও লেখেন, '১০০ মিটার দৌড়াতে হবে...সারা রাত ধরে...হাফ হাফ পাফ...।'

টুইটার বার্তায় শাহরুখ আসলে কী বোৰাতে চেয়েছেন তা স্পষ্ট না হলেও এক খবরে বলিউডলাইফ ডটকম জানিয়েছে, এই বার্তার

মাধ্যমে ইশারা-ইঙ্গিতে শাহরুখ বলতে চেয়েছেন, তিনি ধূমপান ছাড়ার চূড়ান্ত চেষ্টা করছেন। টিকিংসকদের পরামর্শ মতে, ১০

মিনিট জাগিং করলে ধূমপানের ইচ্ছা দূর হয়। এ থেকে বোৰা যায়, ধূমপানের ইচ্ছা দূর করতেই দৌড়াতে চেয়েছেন শাহরুখ।

ধূমপান ছেড়ে দেওয়ার চেষ্টার কথা জানিয়ে শাহরুখ টুইট করার পর অনলাইনে হইচই পড়ে যায়। তাঁর ভক্ত ও শুভাকাঙ্গীরা

অপেক্ষা করতে থাকেন, শাহরুখ কখন ধূমপান ছেড়ে দেওয়ার ঘোষণা দেন। সম্প্রতি এ বিষয়ে জানতে চাইলে শাহরুখ বলেন, 'হ্যাঁ,

সম্প্রতি আমি ধূমপান ছেড়ে দেওয়ার চেষ্টার কথা জানিয়ে টুইট করেছিলাম। কিন্তু এখনো আমি ধূমপান ছাড়তে পারিনি। আমার

আশপাশে যানা ধূমপান করে, তাদের একদমই ভালো লাগছে না আমার।'

শাহরুখ আরও বলেন, 'আমি সব সময় বলেছি, ধূমপান খুব খারাপ একটি অভ্যাস। দয়া করে আপনারা ধূমপান করবেন না।'

আমি ঈশ্বরের কাছে প্রতিজ্ঞা করেছি, খুব শিগগির ধূমপান ছেড়ে দেব। তবে এখন পর্যন্ত আমি এটি ছাড়তে পারিনি। যখনই সেটা